

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৪৪
খোয়াই, ২০ নভেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০
খোয়াই ব্লকে শিবির

খোয়াই ব্লকের পশ্চিম সোনাতলা গ্রাম পঞ্চায়েতের উদ্যোগে সম্প্রতি পঞ্চায়েত কার্যালয় প্রাঙ্গনে প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযান বিষয়ে শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন এই গ্রামপঞ্চায়েতের সদস্য রঞ্জিৎচন্দ্র দেব, খোয়াই ব্লকের বিডিও অভিজিৎ দাস প্রমুখ। শিবিরে পঞ্চায়েতের পক্ষ থেকে এলাকার ২২ জন সুবিধাভোগীকে আর ও আর সার্টিফিকেট, ২ জনকে ফ্যামেলি রেজিষ্টার ট্রান্সফার সার্টিফিকেট, ২ জন সুবিধাভোগীকে প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ প্রকল্পে ৫০ হাজার টাকা করে তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে প্রদান করা হয়। এছাড়া খোয়াই ব্লক টি আর এল এমের পক্ষ থেকে পঞ্চায়েতের ২টি স্বসহায়ক দলকে দেড় লক্ষ টাকা করে মোট ৩ লক্ষ টাকা ঋণ প্রদান করার জন্য প্রস্তাব দেওয়া হয়।
